
## আপনার কমিউনিটিতে জীবন কি আরো ভালো হত যদি:

- **আপনার** নতুন হাসপাতাল এবং বয়স্কদের জন্য কেন্দ্র বা অসুস্থ ও বয়স বৃদ্ধি হওয়া পরিবারের সদস্যদের জন্য উন্নততর স্বাস্থ্য পরিচর্যার পরিষেবা ব্যবহারের সুযোগ পেতেন?
- **আপনার** সন্তানেরা নতুন বা উন্নততর স্কুল বা শিশু-সেবা কেন্দ্রে শিক্ষালাভ করতে পারত?
- **আরো** ভালো রাস্তা বা সম্প্রসারিত জনগণের যানবাহন ব্যবস্থার বিকল্পগুলির জন্য আপনার কাজে যাতায়াত আরো নিরাপদ এবং কম ভিড়ে করা যেত?
- **আপনি** আরো বেশি বৃত্তিমূলক প্রশিক্ষণ পেতেন যার ফলে আরো ভালো চাকরীর সুযোগ পাওয়া যেত?
- **আপনার** কমিউনিটিকে আপনার স্থানীয় বাজার আরো ভালোভাবে পণ্য ও পরিষেবা প্রদান করতে পারত?



**2010** সেন্সাস আপনার কমিউনিটিকে আরো সাহায্য করতে পারে প্রতি বছরে **$400** বিলিয়নের বেশি পরিমাণ সরকারি তহবিলের ন্যায়সম্মত ভাগ পেতে। তহবিলটি সেন্সাসের তথ্যের উপর ভিত্তি করে স্থানীয় ও রাজ্যের সরকারকে বন্টন করা হয় এবং তা আপনার কমিউনিটির প্রয়োজন অনুযায়ী উন্নয়নের জন্য ব্যবহার করা যায়। এবং, আপনার **2010** সেন্সাস ফর্মে আপনি যে তথ্য দেন তা সম্পূর্ণভাবে গোপনীয় এবং তা আইন দ্বারা অন্যান্য সরকারী এজেন্সিগুলির থেকে সুরক্ষিত রাখা হয়।

আপনার কমিউনিটির ভবিষ্যত।

আপনার পরিবারের ভবিষ্যত। আপনার ভবিষ্যত।

মার্কিন যুক্তরাস্ট্রের সরকার 1790 সাল থেকে প্রতি 10 বছরে সেন্সাসের আয়োজন করছে আমাদের দেশের জনসংখ্যা কোথায় বাস করে এটি কংগ্রেসকে তার একটি সঠিক চিত্র দেয়, এবং সেই অনুযায়ী তহবিল ও পরিষেবার বন্টন করতে সাহায্য করে। ইতিহাসে সবচেয়ে সংক্ষিপ্ত সেন্সাস ফর্মগুলির মধ্যে এটি একটি, এবং এর ১০টি সহজ প্রশ্নের জবাব দিতে কেবল 10 মনিটের মত লাগে। কোন কোন ক্ষেত্রে এটি স্থানীয়, রাজ্য ও ফেডেরাল সরকারকে জনসংখ্যার ভত্তিতে নতুন প্রতিনিধি জেলার সৃষ্টি করতে সাহায্য করে। আপনার 2010 সেন্সাস ফর্মটি সম্পূর্ণ করা সহজ, গুরুত্বপূর্ণ ও নিরাপদ। আপনার অংশগ্রহণ অত্যাবশ্যক।

**2010 সেন্সাসে অংশগ্রহণ করে, আপনি আপনার ও আপনার কাছে গুরুত্ব আছে সেই সব ব্যক্তির জন্য আরো ভালো ভবিষ্যত সৃষ্টি করতে সাহায্য করতে পারবেন।**

## 2010 সেন্সাস ফর্মটি পূরণ করে পাঠিয়ে আপনি আপনার কমিউনিটিকে সাহায্য করেন।

**2010**-এর জনগণনায় গণিত হয়ে আপনার কমিউনিটিতে দৃষ্টান্ত হয়ে উঠুন।
মার্চ মাসে আপনার ডাকবাক্সে **2010** সেন্সাস ফর্মটি পেয়ে সেটিকে পূরণ করে পাঠান।

আরও বিশদে জানতে এই ওয়েবসাইটটি দেখুন

**2010census.gov**

**2010** -এর জনগণনায় অংশগ্রহণ করে আপনার কমিউনিটিকে সাহায্য করুন **$400** বিলিয়ানের বেশি কেন্দ্রীয় সরকারী ফান্ডের ভাগ পেতে, যাতে আপনাদের কমিউনিটিতে যে জিনিসটি সবচেয়ে বেশি প্রয়োজনীয় সেটির উন্নতি ঘটানো যায়। আপনার সেন্সাস ফর্মটি স্কুল, স্বাস্থ্য পরিষেবা ইত্যাদির উন্নতি ঘটাতে সাহায্য করতে পারে। তাই **2010** -এর জনগণনায় অংশগ্রহণ করুন ও আপনার কমিউনিটির উজ্জ্বল ভবিষ্যত গড়ে তুলুন।



Issued Sep 2009
Form D3288(B)

# 2010 সেন্সাস: কিভাবে লোকগণনা করা হয়



United States Census 2010

মার্কিন যুক্তরাষ্ট্রের সেন্সাস

এটি আমাদের দায়িত্ব

# 5 টি মুখ্য পদক্ষেপ

## দেশের প্রত্যেকটি মানুষকে গণনা করার জন্য

আপনি নাগরিক হন বা না হন, মার্কিন যুক্তরাস্ট্রে বাস করা সকলকেই **2010** সেন্সাসে গণনা করাতে হবে । নিচে পাঁচটি পদক্ষেপ দেওয়া হল যা মেনে সেন্সাস ব্যুরো এই সুবৃহৎ কাজটি সম্পন্ন করবেন ।

**পদড়্গোপ 1: সেন্সাস শুরম্ন করা হয়েছে।** এপ্রিল ও জুলাই **2009**-এর মধ্যে সেন্সাস কর্মীরা সারা দেশে প্রচার চালিয়ে আগের সেন্সাসের ঠিকানা ও মানচিত্রগুলি সাম্প্রতিকতম করেছেন । এই প্রক্রিয়াটি গুরুত্বপূর্ণ কারণ অতীতে যে বাড়িগুলি ছিল তা এখন নাও থাকতে পারে, বা কোন কমিউনিটিতে কোন নতুন নির্মাণ হয়ে থাকতে পারে যার রেকর্ড করা প্রয়োজন ।

**পদড়্গোপ 2: 2010 সেন্সাস ফর্মটি  এসে পৌঁছয়।** সারা দেশে **130** মিলিয়নের বেশি ঠিকানায় মার্চ মাসে ডাকযোগে **2010** সেন্সাস ফর্মটি এসে পৌঁছবে, বা কোন কোন সময়ে কোন আধিকারিক সেন্সাস কর্মী নিজে এসে তা দিয়ে যাবেন । এটি পাওয়ার পর বাসাগুলিকে **2010** সেন্সাস ফর্মটি পূরণ করতে হবে এবং তা ডাকযোগে ফেরত পাঠতে হবে ।

**পদড়্গোপ 3: সেন্সাস দিবস হল এপ্রিল 1, 2010।** **2010** সেন্সাসে আপনার উত্তরগুলিতে আপনার ঠিকানায় থাকা প্রত্যেককেই অন্তর্ভুক্ত করতে হবে্‌ তারা নাগরিক হন বা না হন, এবং তাদের বয়স যাই হোক না কেন । আইন অনুযায়ী সেন্সাস ব্যুরো আপনার ব্যক্তিগত তথ্য অন্য কোন সরকারী এজেন্সি বা আইন বলবৎ করার ব্যুরোকে জানাতে পারবে না ।

**পদড়্গোপ 4: প্রত্যেক ব্যক্তিই গুরম্নত্বপূর্ণ তাই ফলো আপ করম্নন।** যে যে ঠিকানাগুলি **2010** সেন্সাস ফর্মগুলি ডাকযোগে ফেরত না পাঠিয়ে থাকেন, সেখানে একজন আধিকারিক সেন্সাস গ্রহণকারী ব্যক্তিগতভাবে যান । এই ব্যক্তিগতভাবে দেখা করা এপ্রিলের শেষের দিকে শুরু হয় এবং সমগ্র জুলাই পর্যন্ত চলে । আধিকারিক সেন্সাস গ্রহণকারীদের চিহ্নিত করার জন্য তাদের একটি সেন্সাস ব্যাজ ও ব্যাগ থাকবে ।

**পদড়্গোপ 5: ফলাফলগুলি  এসে গিয়েছে।** সেন্সাস ব্যুরো সকল ব্যক্তিকে গণনা করবেন ও এই সংখ্যা মার্কিন যুক্তরাস্টের প্রেসিডেন্টকে ডিসেম্বর **31, 2010**-এর মধ্যে জানাবে । এই সংখ্যাটিতে সমগ্র জনসংখ্যা এবং প্রত্যেক রাজ্যের জন্য অনুমোদিত মার্কিন যুক্তরাস্টের প্রতিনিধির সংখ্যা অন্তর্ভুক্ত হবে ।

# আপনাকে কোথায় গণনা করা হবে?

**2010** সালের জনগণনার জন্য, বেশিরভাগ মানুষকেই, তারা যে বাড়িতে অধিকাংশ সময়ে থাকে অথবা ঘুমায় সেখানেই গণনা করা হবে । তবুও কিছু মানুষ অথবা একদল মানুষের জীবনযাপনের পরিস্থিতি অনন্য হয় । এই মানুষগুলিকে কোথায় গণনা করা হবে সেটি নির্ধারণ করতে সেন্সাস ব্যুরো রেসিডেন্স রুল ব্যবহার করা হয় ।

### বিভিন্ন রকমের জীবনযাপনের পরিস্থিতিগুলি

| জীবনযাপনের পরিস্থিতিগুলি | যেখানে তাদের গণনা করা হবে |
|---|---|
| তাদের বাড়িতে থাকে, অন্য কোথাও নয় | তাদের বাড়ি |
| যারা ছুটি কাটাতে অথবা ব্যবসার কারণে ভ্রমণ করেন | তারা যে বাড়িতে বেশীরভাগ সময় কাটান |
| যাঁরা নিয়মিতভাবে কোনো এক স্থানে থাকেন না অথবা যাঁরা গৃহহীন | জনগণনার দিন তারা যে বাড়িতে থাকেন |

### কলেজের ছাত্র-ছাত্রীরা

| জীবনযাপনের পরিস্থিতিগুলি | যেখানে তাদের গণনা করা হবে |
|---|---|
| মার্কিন যুক্তরাষ্ট্রের বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করা কালীন যেসব ছাত্র-ছাত্রীরা তাদের বাবা-মা অথবা অভিভাবকদের সঙ্গে থাকে | পৈতৃক বাড়ি |
| মার্কিন যুক্তরাষ্ট্রের বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করা কালীন যেসব ছাত্র-ছাত্রীরা তাদের অভিভাবকদের থেকে দূরে থাকে | কলেজ ক্যাম্পাসের ভিতর বা বাইরে যেখানে তারা থাকে |
| মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করে | জনগণনায় গণনা করা হবে না |

### যেখানে একদল মানুষ বসবাস করেন সেখানে বসবাসকারীঋধ

| জীবনযাপনের পরিস্থিতিগুলি | যেখানে তাদের গণনা করা হবে |
|---|---|
| দলগতভাবে যেখানে মানুষ বসবাস করে যেমন জেলখানা, দলগত বাড়ি, ডোমেস্টিক ভায়োলেন্স শেল্টার, গৃহহীনদের জন্য জরুরী ও অস্থায়ী বাড়ি | দলগত বাসস্থান |

### মার্কিন যুক্তরাষ্ট্রে বিদেশী নাগরিকেরা

| জীবনযাপনের পরিস্থিতিগুলি | যেখানে তাদের গণনা করা হবে |
|---|---|
| মার্কিন যুক্তরাষ্ট্রে থাকা বিদেশী নাগরিক | তারা যে বাড়িতে বেশীরভাগ সময় কাটান |
| মার্কিন যুক্তরাষ্ট্রে ছুটি কাটাতে অথবা ব্যবসার কারণে ভ্রমণ করা বিদেশী নাগরিক | জনগণনায় গণনা করা হবে না |
| মার্কিন যুক্তরাষ্ট্রে থেকে কলেজে পড়া বিদেশী নাগরিক | কলেজ ক্যাম্পাসের ভিতর বা বাইরে যেখানে তারা থাকে |

### মার্কিন মিলিটারি ব্যক্তিবর্গ

| জীবনযাপনের পরিস্থিতিগুলি | যেখানে তাদের গণনা করা হবে |
|---|---|
| মার্কিন যুক্তরাষ্ট্রের ব্যারাকে | ব্যারাকে |
| মার্কিন যুক্তরাষ্ট্রের সৈন্যদলে বা তার  বাইরে কিন্তু ব্যারাকে নয় | তারা যে বাড়িতে বেশীরভাগ সময় কাটান |
| মিলিটারিতে এবং দেশের বাইরে | মিলিটারি নথিতে বাড়ির যে ঠিকানা আছে সেটি গণ্য করা হয় । |

### ভ্রাম্যমান মানুষেরা

| জীবনযাপনের পরিস্থিতিগুলি | যেখানে তাদের গণনা করা হবে |
|---|---|
| একাধিক স্থানে (যেমন ভ্যাকেশন হোম) অথবা অস্থায়ী আবাসে থাকা মানুষেরা, যেমন রিক্রিয়েশনাল ভেহিকেল (আর-ভি) পার্কগুলি, ক্যাম্পগ্রাউন্ড, মেরিনাস, রেসট্র্যাক, সার্কাস অথবা কার্নিভাল | তারা যে বাড়িতে বেশীরভাগ সময় কাটান |
| | যে বাড়িতে তারা জনগণনার দিন থাকবে, যদি সময়কে সমানভাগে ভাগ করা যায় |